



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৩৬

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ  
১৬ মার্চ, ২০২৩খ্রি.

## ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১৩-১৬ মার্চ, ২০২৩খ্রি. তারিখের মধ্যে আবেদন এবং নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ১৯ ও ২০ মার্চ, ২০২৩খ্রি. তারিখের মধ্যে মূল নম্বরপত্রসহ প্রয়োজনীয় ডকুমেন্টস ও প্রয়োজনীয় ফি জমা প্রদানপূর্বক ইনস্টিটিউটে স্ব-শরীরে হাজির হয়ে ভর্তি সম্পন্ন করতে হবে। অন্যথায় নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে শিক্ষার্থীর নাম Approval List -এ অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে ভর্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### ১. ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় সাধারণ নির্দেশাবলী:

- ১.১ নিম্নে সংযুক্ত ভর্তি ফরম শিক্ষার্থী কর্তৃক স্ব-হস্তে পূরণ করে অত্র প্রতিষ্ঠানে জমা রাখতে হবে;
- ১.২ ভর্তির সময় শিক্ষার্থীদের অবশ্যই মূল নম্বরপত্র জমা নিতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় মূল নম্বরপত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে।
- ১.৩ শিক্ষার্থীদের পাসপোর্ট সাইজের (০৩) কপি সত্যায়িত রশ্মি ছবি জমা ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদেয় প্রশংসাপত্রের ফটোকপি জমা নিতে হবে;

### ২. ভর্তি ফি:

- ২.১ কারিগরি শিক্ষা অধিদপ্তারধীন সরকারি প্রতিষ্ঠানের জন্য: ছকে বর্ণিত খাত অনুযায়ী শিক্ষার্থী প্রতি মোট ভর্তি ফি ৮০৫/- (আটশত পাঁচ) টাকা রশিদের মাধ্যমে আদায় করতে হবে;

ক্র:নং	টাকা আদায়ের খাত	টাকার হার
০১.	ইনস্টিটিউট জামানত (ক্লাস শুরুর এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে)	৪০০.০০
০২.	অভ্যন্তরীণ পরীক্ষার ফি (মধ্য পর্ব, ক্লাস টেস্ট ও কুইজ টেস্ট)	১২০.০০
০৩.	পরিচয় পত্র ফি	৩০.০০
০৪.	অভিভাবক দিবস ফি (প্রতি সেমিস্টার)	২০.০০
০৫.	মেডিকেল পরীক্ষা ফি (ভর্তির সময়)	১০০.০০
০৬.	বেতন বই (ভর্তির সময়)	১৫.০০
০৭.	সাইকেল গ্যারেজ ফি (প্রয়োজ্য ক্ষেত্রে)	২০.০০
০৮.	বিবিধ	১০০.০০
	মোট=	৮০৫.০০

- ২.২ কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন নয়, এমন সরকারি প্রতিষ্ঠানের জন্য: প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থী প্রতি মোট ভর্তি ফি রশিদের মাধ্যমে আদায় করতে হবে;

- ২.৩ মেরিন ইন্সটিটিউটের শিক্ষার্থীদের ক্ষেত্রে কোন স্বীকৃত চিকিৎসক হতে (CBC, ESR, HBSAG, LFT, ECG, RBS, Urine R/M/E ডায়াগনস্টিক রিপোর্টসহ) মেডিকেল ফিটনেস সনদ, চক্ষু ও কালার ভিশন ফিটনেস সনদ দৃষ্টিশক্তি ন্যূনতম ৬/১২ (চশমাসহ ৬/৬), হিয়ারিং ফিটনেস থাকতে হবে এবং ভর্তির আবেদনে উল্লেখিত ওজন ও উচ্চতা BMI Chart অনুসারে থাকতে হবে।

  
১৬.৩.২৩

(প্রকৌশলী মো: রকিব উল্লাহ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৩৬(০৮)

তারিখ: ১৬/০৩/২০২৩ খ্রি.

### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (দ্রষ্টব্যতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। সচিব/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। নথি।

  
১৬.০৬.২৬

(প্রকৌ. মোঃ ফারুক রেজা)

কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক:)

ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।